গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ
www.bhaluka.mymensing.gov.bd

স্মারক নং- ০৫.৪৫,৬১১৩.০০১.৬২.০০৭.২০-১০৯ তারিখ : ১২/০২/২০২০ খ্রি:

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি/২০২০

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এবং স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-০২ শাখার ২০ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দের ৪৬.০৪১.০৩০.০১০০.০০১.২০১৮-৯৩ নং স্মারকের পরিপত্র মোতাবেক ভালুকা উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৭ সালের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত প্রচলিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত হাট-বাজারসমূহের দরপত্র নির্ধারিত তারিখে সকাল ১০.০০ঘটিকা থেকে দুপুর ২.০০ঘটিকা পর্যন্ত সময়ে জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয়ের কার্যালয়ের (স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিস, ভালুকা ও উপজেলা ভূমি অফিস, ভালুকা এ রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে। দরপত্র গ্রহণের শেষ দিন বিকাল ৪.০০ ঘটিকা দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত ছকে রক্ষিত তারিখের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উল্লেখিত অফিসসমূহ হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে।

পর্যায়	সিডিউল (দরপত্র) বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	দরপত্র গ্রহণের তারিখ ও সময়		দরপত্র ফরম বিক্রয়ের স্থান
		দরপত্র গ্রহণের তারিখ	দরপত্র গ্রহণের শেষ সময়	
১ম পর্যায়	১০/০৩/২০২০ খ্রি:	১১/০৩/২০২০ খ্রি:	দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত	১। জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, ময়মনসিংহ ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ ৩। উপজলা ভূমি অফিস, ভালুকা, ময়মনসিংহ ৪। ভালুকা মডেল থানা, ময়মনসিংহ ৫। সোনালী ব্যাংক লি: ভালুকা শাখা, ময়মনসিংহ।
২য় পর্যায়	১৮/০৩/২০২০ খ্রি:	১৯/০৩/২০২০ খ্রি:	দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত	
৩য় পর্যায়	২৯/০৩/২০২০ খ্রি:	৩০/০৩/২০২০ খ্রি:	দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত	
৪র্থ পর্যায়	০৬/০৪/২০২০ খ্রি:	০৭/০৪/২০২০ খ্রি:	দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত	
৫ম পর্যায়	১২/০৪/২০২০ খ্রি:	১৩/০৪/২০২০ খ্রি:	দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত	

হাট-বাজার সংক্রান্ত তথ্যাদি

ক্রমিক নং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	১৪২৭ বাংলা সালের সম্ভাব্য সরকারি মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
০১	উথুরা বাজার	উথুরা	১৭২৩৫৬০	৪০০০	
০২	হাতিবেড় চান্দের বাজার	উথুরা	৩৩৮৩২	৫০০	
০৩	চামিয়াদী বাজার	উথুরা	১৫৭০৫৭	১০০০	
০৪	মরচী খালের ঘাট বাজার	উথুরা	৩৫৩	৫০০	
০৫	মরচী বাজার	উথুরা	৩৫৩	৫০০	
০৬	কৈয়াদী বাজার	উথুরা	৮৫৬৮	৫০০	
০৭	খলিলের বাজার	উথুরা	১২৯০	৫০০	
০৮	বনকুয়া বাজার	মেদুয়ারী	৩৫৩	৫০০	
০৯	বাঘাডোরা বাজার	মেদুয়ারী	৩৫৩	৫০০	
১০	বরাইদ বাজার	মেদুয়ারী	৫৯৭১	৫০০	
১১	বগজান বাজার	মেদুয়ারী	৫০০৩	৫০০	
১২	ভরাডোবা বাসস্ট্যান্ড বাজার	ভরাডোবা	৪৩৮১৩	৫০০	
১৩	ভরাডোবা চান্দাইল বাজার	ভরাডোবা	৩৫৩	৫০০	
১৪	ধীতপুর বাজার	ধীতপুর	৩৫৩	৫০০	
১৫	শান্তিগঞ্জ বাজার	ধীতপুর	২৮৬২	৫০০	
১৬	টুংরাপাড়া বাজার	ধীতপুর	৩৪০৩	৫০০	
১৭	ধলিয়া বাজার	ধীতপুর	২৪২৩৯	৫০০	
১৮	বিরুনীয়া বাজার	বিরুনীয়া	১১২৩৬৩৫	৩০০০	
১৯	চেরাগঞ্জ বাজার	বিরুনীয়া	৩৫৩	৫০০	
২০	মাহমুদপুর বাজার	বিরুনীয়া	২৯৩৩	৫০০	
২১	ভাওয়ালিয়া বাজু বাজার	বিরুনীয়া	২৬৮৫৩	৫০০	
২২	মেদিলা বাজার	ভালুকা	৩৫৩	৫০০	
২৩	মল্লিকবাড়ী বাজার	মল্লিকবাড়ী	৩৩৭১৬১৩	৭৪০০	
২৪	হাজীর বাজার	মল্লিকবাড়ী	৩৭১০	৫০০	
২৫	মামারিশপুর বাজার	মল্লিকবাড়ী	৭৭৪৭	৫০০	
২৬	ডাকাতিয়া বাজার	ডাকাতিয়া	৫৪০৬	৫০০	
২৭	আঙ্গারগাড়া বাজার	ডাকাতিয়া	২৪৫৯২০	১২০০	
২৮	দৌলা বাজার	ডাকাতিয়া	১০০৩৫	৫০০	
২৯	কাতলামারী বাজার	ডাকাতিয়া	২১৬২৪	৫০০	
৩০	ছিটাল বাজার	ডাকাতিয়া	১৬০৪১	৫০০	

৩১	পাঁচগাঁও বাজার	ডাকাতিয়া	৫৩০	৫০০	
৩২	কাচিনা বাজার	কাচিনা	৫৬৭৮১	৫০০	
৩৩	তামাট বাজার	কাচিনা	৪৩১৬৭	৫০০	
৩৪	পালগাঁও বাজার	কাচিনা	৮৮৩	৫০০	
৩৫	গনকা বাজার	কাচিনা	৯৭২	৫০০	
৩৬	কামারিয়া বাজার	কাচিনা	১৭১৪	৫০০	
৩৭	তালাব বাজার (পূর্ব)	কাচিনা	১৬৫০১	৫০০	
৩৮	তালাব বাজার (পূশ্চিম)	কাচিনা	১৮৯৩৯	৫০০	
৩৯	সীডস্টোর বাজার	হবিরবাড়ী	২১৫৮৫১৩	৫০০০	
৪০	রাজৈ বাজার	রাজৈ	১২৫৪	৫০০	
৪১	পারুলদিয়া বাজার	রাজৈ	৬৭০৮০	৫০০	
৪২	পনাশাইল বাজার	রাজৈ	৩৭৪৫৩	৫০০	
৪৩	চান্দাব বোর্ড বাজার	রাজৈ	৪৬৮১৭	৫০০	

শর্তাবলী :

১। বাংলা ১৪২৭ সালের ১লা বৈশাখ হতে ১৪২৭ সালের ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদে হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃত টাকা জামানতকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ কতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪।প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিস্ট হাটবাজারের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মুল্য (সরকারী মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্তেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মুল্য (সরকারী মূল্য) হতে কম হয় তা হলে ইজারা প্রদানে কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য ক্রিয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারা সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোদের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। যথাসময়ে ইজারার টাকা পরিশোধে: ব্যর্থ হলে উক্ত টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মাসুদ কামাল)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ
ফোনঃ ০৯০২২৫৬০১৮(অফিস)
Email: unobhaluka@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫,৬১১৩.০০১.৬২.০০৭.২০-১০৯(১০০) তারিখ : ১২/০২/২০২০ খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/অবগতির দজন্য প্রেরণ করা হলো।
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২৬-সংরক্ষিত মহিলা আসন-২৬।
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব), ময়মনসিংহ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, -------------------------------(সকল উপজেলা), ময়মনসিংহ।
০৮। মেয়র, ভালুকা পৌরসভা, ময়মনসিংহ।
০৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
১১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ময়মনসিংহ।
১২। সহকারী কমিশনার (ভূমি), ভালুকা, ময়মনসিংহ।
১৩। অফিসার ইনচার্জ, ভালুকা মডেল থানা, ময়মনসিংহ।
১৪। উপজেলা ----------------------------- অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
১৫। ব্যবস্থাপক, -- ব্যাংক লি: ভালুকা, ময়মনসিংহ।
১৬। চেয়ারম্যান (সকল), -- ইউনিয়ন পরিষদ, ভালুকা।
১৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ---------------------, ঢাকা/দৈনিক -----------------------, ময়মনসিংহ। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি তার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার বিতরের পাতায় ছোট্ট পরিসরে ২০/০২/২০২০ খ্রি: তারিখের মধ্যে যে কোন একদিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব -- ইজারাদার ------------------------------- বাজার, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ